# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রাথমিক অবস্থা কেমন ছিল?

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ عِمْرَانَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، حَدَّثَنَا جَعْفَرُ بْنُ عُثْمَانَ الْقُرَشِيُّ، عَنْ عُثْمَانَ بْنِ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي ذَرٍّ الْغِفَارِيِّ، قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، كَيْفَ عَلِمْتَ أَنَّكَ نَبِيٌّ حَتَّى اسْتَيْقَنْتَ؟، فَقَالَ: " يَا أَبَا ذَرٍّ، أَتَانِي مَلَكَانِ وَأَنَا بِبَعْضِ بَطْحَاءِ مَكَّةَ فَوَقَعَ أَحَدُهُمَا عَلَي الْأَرْضِ، وَكَانَ الْآخَرُ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ، فَقَالَ أَحَدُهُمَا لِصَاحِبِهِ: أَهُوَ هُوَ؟، قَالَ: نَعَمْ، قَالَ: فَزِنْهُ بِرَجُلٍ، فَوُزِنْتُ بِهِ فَوَزَنْتُهُ، ثُمَّ قَالَ: فَزِنْهُ بِعَشَرَةٍ، فَوُزِنْتُ بِهِمْ فَرَجَحْتُهُمْ، ثُمَّ قَالَ: زِنْهُ بِمِئَةٍ، فَوُزِنْتُ بِهِمْ فَرَجَحْتُهُمْ، ثُمَّ قَالَ: زِنْهُ بِأَلْفٍ، فَوُزِنْتُ بِهِمْ فَرَجَحْتُهُمْ كَأَنِّي أَنْظُرُ إِلَيْهِمْ يَنْتَثِرُونَ عَلَيَّ مِنْ خِفَّةِ الْمِيزَانِ، قَالَ: فَقَالَ أَحَدُهُمَا لِصَاحِبِهِ: لَوْ وَزَنْتَهُ بِأُمَّتِهِ لَرَجَحَهَا

إسناده منقطع عروة بن الزبير لم يدرك أبا ذر الغفاري ورجاله ثقات

বাংলা

১৪. আবী যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রাসূল! আপনি যে একজন নবী, একথা আপনি কিভাবে জানতে পারলেন, যাতে আপনি নিশ্চিত হন? তিনি বললেন: ’হে আবূ যার! (একদা) আমি যখন মক্কার কোন এক উপত্যকায় ছিলাম, তখন আমার নিকট দু’জন ফেরেশতা এল। তাদের একজন জমিনের উপর অবতরণ করল এবং অপরজন আসমান ও জমিনের মাঝামাঝি রইল। তাদের একজন অপরজনকে বলল: ইনিই কি তিনি? অপরজন বলল: হাঁ। সে বলল: তাঁকে একজন লোকের সাথে ওজন কর। আমাকে তার সাথে ওজন করা হল আর আমি তার চেয়ে ভারী হয়ে গেলাম। তারপর সে বলল: তাঁকে দশজন লোকের সাথে ওজন কর। আমাকে তাদের সাথে ওজন করা হল। আর আমি তাদের চেয়েও ভারী হয়ে গেলাম। তারপর সে বলল: তাঁকে একশ’ জন লোকের সাথে ওজন কর। আমাকে তাদের সাথে ওজন করা হল। আর আমি তাদের চেয়েও ভারী হয়ে গেলাম। তারপর সে বলল: তাঁকে এক হাজার জন লোকের সাথে ওজন কর। আমাকে (তাদের সাথে) ওজন করা হল।

আর আমি তাদের চেয়েও ভারী হয়ে গেলাম। আমি যেন তাদেরকে দেখতে পাচ্ছি যে, তারা ওজনের পাল্লা হতে আমার উপর ছিটকে পড়তে যাচ্ছে। তিনি বলেন: তারপর তাদের একজন অপরজনকে বলল: যদি তাঁকে তাঁর পুরো উম্মাতের সাথেও ওজন কর, তবু তিনি তাদের চেয়ে ভারী হয়ে যাবেন।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ বিচ্ছিন্ন। বাকী বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য।

তাখরীজ: বাযযার, আল মুসনাদ (কাশফুল আসতার, ৩/১১৫-১১৬ নং ২৩৭১ ); তাবারী, তারীখ ২/৩০৪-৩০৫; আবু নুয়াইম, দালাইল নং ১৬৭।
তবে ইবনু কাছীর তার সীরাত ২/২২৮-২২৯ এ হাদীসের অনুরূপ হাদীস উল্লেখ করে বলেন: এ সনদ উত্তম শক্তিশালী।' আর হাকিম তার মুসতাদরাক ২/৬০০ তে ইবনু কাছীরের বর্ণিত হাদীসের প্রথমাংশ বর্ণনা করেছেন। তবে এর রাবী আহমাদ ইবনু আব্দুল জাব্বার সম্পর্কে ইবনু হাজার বলেন: 'যয়ীফ, তবে সীরাতের ক্ষেত্রে তার শ্রবণ সহীহ।'

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45779

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন